| Series JSK/1 | | Set No. 4 |
|---|---|---|

**Question Paper Code 007/1/4**

Roll No.

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

Candidates must write the Question Paper Code in the space allotted in the OMR Sheet.

| নোট / NOTE : | |
|---|---|
| (i) | পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে **11** ছাপা পৃষ্ঠা রয়েছে ।<br>Please check that this question paper contains **11** printed pages. |
| (ii) | প্রশ্নপত্রের ও পরে ডানদিকে প্রশ্নপত্রের কোড কে পরীক্ষার্থীবা যেন **OMR** শীট এর উপযুক্ত স্থানে লেখে ।<br>Question Paper Code given on the top right hand side of the question paper should be written in the appropriate place in the OMR Sheet by the candidate. |
| (iii) | পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে এই প্রশ্নপত্রে **50** টি বাস্তুপরক **(MCQs)** প্রশ্ন আছে ।<br>Please check that this question paper contains **50** Multiple Choice Questions (MCQs). |
| (iv) | পরীক্ষা শুরু হবার বাস্তবিক সময় এর আগে 20 মিনিট অতিরিক্ত সময় দেওয়া হবে প্রশ্নপ্রত্রটি পড়বার জন্য ।<br>20 minutes additional time has been allotted to read this question paper prior to actual time of commencement of the examination. |

# বাংলা

# BENGALI

## Term-I

*সময় : 90 মিনিট* — *সর্বমোট অংক : 40*

*Time allowed : 90 minutes* — *Maximum Marks : 40*

### SECTION – A (Reading)
### (Unseen Comprehension)

**I.** নীচের গদ্যাংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির ঠিক উত্তরটি বেছে লেখো ।
(1 থেকে 6-এর মধ্যে যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও । 7 নং প্রশ্নটির উত্তর লেখা আবশ্যিক) *5×1=5*

একবার চিত্তরঞ্জন কলোনির বাসিন্দারা ঠিক করলেন যে তাঁরা মহেশ নাটক অভিনয় করবেন । কিন্তু মুশকিল হল মহেশ নাটক করতে হলে তো একটি গোরু চাই । কিন্তু জান্ত

গোরুকে নিয়ে তো আর নাটক করা কিংবা তাকে মঞ্চে তোলা যায় না । তখন পাড়ার নাট্যোৎসাহী ছেলে-মেয়েরা মিলে নাকি বাঁশ এবং বাখারি দিয়ে তৈরি করেছিল গোরুর ডামি । তার ওপর সাদা কাগজ সেঁটে, শিং, খুর, চোখ, ল্যাজ সব লাগিয়ে রীতিমতো জীবন্ত দেখতে হয়েছিল সেই মহেশ । শুধু বানানো নয়, অনেকটা পুতুল নাচের ধরনে সেই গোরুকে মঞ্চে ব্যবহারও করা হয়েছিল । মহেশ নাটকটি নাকি সবার এতই পছন্দ হয় যে দর্শকদের অনুরোধে তার একটি অতিরিক্ত শো করতে হয়েছিল । নাটক হয়ে যাওয়ার পরেও অনেকদিন সেই নকল মহেশকে সযত্নে সাজিয়ে রাখা হয়েছিল পাড়ার জ্যোতি সংঘ ক্লাবের ঘরে । কচি-কাঁচাদের কাছে সেই নকল গোরুর আকর্ষণ ছিল সাংঘাতিক ।

পূর্ববাংলার মানুষ যেহেতু যাত্রার খুব ভক্ত, তাই নাটকের পাশাপাশি সেসময় কলোনির মানুষজন যাত্রাপালাও করতেন । তক্তার মঞ্চ । ... মঞ্চের একধারে হারমোনিয়াম, বাঁশি, বেহালা নিয়ে বসতেন বাজনদাররা । তাঁরাও কিন্তু সবাই পাড়ারই বাসিন্দা । সাত ভাই চম্পা, নল-দময়ন্তী, সোনাই দিঘি, এরকম নানা ধরনের পালার অভিনয় হত । এলাকার ছেলে-বুড়ো সকলেই ঝেঁটিয়ে আসত । বহু রাত পর্যন্ত গমগম করত যাত্রার আসর ।

1. মহেশ নাটকের জন্য একটি নকল গোরুর বন্দোবস্ত করতে হয়েছিল কেন ?
   - (a) পাড়ার কচি-কাঁচাদের ভালো লাগবে বলে
   - (b) দর্শকদের পুতুল-নাচ দেখার শখ মেটাতে
   - (c) পাড়ার ছেলে-মেয়েদের হাতের কাজ দেখাতে
   - (d) দর্শকদের আসল মহেশ দেখার স্বাদ মেটাতে

2. ডামি গোরুর গায়ের ওপরটা কীসের ছিল ?

   (a) বাখারির (b) কাগজের (c) বাঁশের (d) মাটির

3. চিত্তরঞ্জন কলোনির বাসিন্দারা নাটকের পাশাপাশি যাত্রাপালা করতেন কেন ?
   - (a) কারণ, পূর্ববাংলার মানুষ হিসেবে তাঁরা যাত্রার খুব ভক্ত ছিলেন
   - (b) কারণ, কলোনির বাসিন্দা হিসেবে তাঁরা বাদ্যযন্ত্রের খুব ভক্ত ছিলেন
   - (c) কারণ, নাটকের মতো যাত্রায় তাঁদের অতিরিক্ত শো করতে হত না
   - (d) কারণ, নাটকের মতো যাত্রায় তাঁদের নকল গোরু বানাতে হত না

4. 'অনেকটা পুতুল নাচের ধরনে সেই গোরুকে মঞ্চে ব্যবহারও করা হয়েছিল ।' — অর্থাৎ

(a) গোরুটিকে মঞ্চে নাচানোও হয়েছিল

(b) গোরুটিকে মঞ্চে নড়া-চড়া করানোও হয়েছিল

(c) গোরুটিকে মঞ্চে বিনা কারণেও ব্যবহার করা হয়েছিল

(d) গোরুটিকে মঞ্চে দর্শক হাসানোর কাজেও ব্যবহার করা হয়েছিল

5. কোন মন্তব্যটি ঠিক ?

(a) চিত্তরঞ্জন কলোনির যাত্রাপালাগুলির উদ্যোক্তা ও বাজনদারদের সবাই ছিলেন সেই কলোনির বাসিন্দা ।

(b) চিত্তরঞ্জন কলোনির যাত্রাপালাগুলির উদ্যোক্তা ও বাজনদারদের বেশির ভাগ ছিলেন সেই কলোনির বাসিন্দা ।

(c) চিত্তরঞ্জন কলোনির যাত্রাপালাগুলির উদ্যোক্তারা কলোনির বাসিন্দা হলেও বাজনদাররা ছিলেন বহিরাগত ।

(d) চিত্তরঞ্জন কলোনির যাত্রাপালাগুলির বাজনদাররা কলোনির বাসিন্দা হলেও উদ্যোক্তারা ছিলেন বহিরাগত ।

6. গদ্যাংশটিতে পূর্ববাংলার মানুষদের চরিত্রের প্রধানত কোন দিকটি প্রকাশ পেয়েছে ?

(a) কম খরচে আমোদ-প্রমোদের প্রবণতা

(b) আনন্দ-ফূর্তির প্রতি অন্ধ আকর্ষণ

(c) কাজকর্ম না করে দিন কাটানোর প্রবণতা

(d) শিল্প-সংস্কৃতির প্রতি প্রবল অনুরাগ

7. গদ্যাংশে ব্যবহৃত কোন পদটি দ্বন্দ্ব সমাসের দৃষ্টান্ত ?

(a) পাশাপাশি (b) পূর্ববাংলা (c) নল-দময়ন্তী (d) নাট্যোৎসাহী

II. নীচের গদ্যাংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির ঠিক উত্তরটি বেছে লেখো ।

(8 থেকে 13-এর মধ্যে যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও । 14 নং প্রশ্নটির উত্তর লেখা আবশ্যিক) *5×1=5*

তিরিয়ো । তার মানে আড়বাঁশি ।

আড়বাঁশি বেজে উঠল নদীধারে । আখের বিলে । আড়বাঁশি বেজে উঠল করণতলার বিলে । উদারডাঙায় ।

বাঁশি বাজছে, বাঁশি বাজছে ।

তার মানে, তার মানে মঙলু চলেছে মোষের পিঠে । বাঁশি বাজাতে বাজাতে । মোষকে মঙলু 'মোষ' বলে না, বলে 'কাজা' । আর মঙলুকে লোকেরা 'মঙলু' বলে না । বলে 'কাড়া হপন' ।

কাড়া হপন । তার মানে মোষের ছানা ।

লোকে বলে কি আর সাধে ? এমনি এমনি ? মাঠে-ঘাটে খালে-বিলে বনে-ডুংরিতে যেখানেই দেখা হোক — মঙলু চলেছে মোষের পিঠে । কখনও শুয়ে, কখনও বসে । কখনও বাঁশি বাজাতে বাজাতে । কখনও ঘুমোতে ঘুমোতে ।

মোষের মতোই গায়ের রং । কোঁকড়ানো কালো চুল । সাদায় কালোয় বড়ো বড়ো চোখ দুটো । আড়বাঁশিতে ফুঁ দিলে তার মোষটাও বাঁশির সুরে সুরে শিং নাড়ে । তালে তালে হাঁটে ।

সাঁওতালদের ছেলে সে । তার বাপের নাম শুকচাঁদ, মায়ের নাম যদুমণি । ওই তো কুসুম গাঁয়ে বাড়ি । বনের ধারে । শালগাছের তলায় ।

**8.** শুকচাঁদ ও যদুমণির ছেলেকে লোকেরা কী নামে ডাকে ?

(a) কাড়া হপন (b) তিরিয়ো (c) মঙলু (d) কাড়া

**9.** 'হপন' বলতে কী বোঝায় ?

(a) বাঁশি (b) মোষ (c) ছানা (d) সাঁওতাল

**10.** মঙলুকে লোকেরা 'মঙলু' বলে না । কারণ —

(a) সে সারাদিন আড়বাঁশি বাজিয়ে ঘুরে বেড়ায়

(b) সে সারাদিন মোষের পিঠে চড়ে বেড়ায়

(c) সে সাঁওতালদের ছেলে

(d) সে অদ্ভুত প্রকৃতির ছেলে

**11.** মঙলুর বাস কোথায় ?

(a) উদারডাঙায় (b) করণতলায় (c) বনের ভিতর (d) বনের ধারে

12. মোষটির সঙ্গে মঙলুর সম্পর্কের মধ্যে লোকেরা কী দেখতে পায় ?

(a) মায়ের সঙ্গে সন্তানের সম্পর্কে

(b) জানোয়ারের সঙ্গে মানুষের সম্পর্ক

(c) ভৃত্যের সঙ্গে প্রভুর সম্পর্ক

(d) শিল্পীর সঙ্গে শ্রোতার সম্পর্ক

13. আড়বাঁশিতে ফুঁ দিলে মোষটা শিং নাড়ে কেন ?

(a) ক্রুদ্ধ হয় বলে (b) বিরক্ত হয় বলে

(c) খুশি হয় বলে (d) কষ্ট হয় বলে

14. 'মঙলু চলেছে মোষের পিঠে ।' — বাক্যটিকে সাধু ভাষায় রূপান্তরিত করলে কী হবে ?

(a) মঙলু চলাইয়াছে মহিষের পিঠে । (b) মঙলু চলিয়াছে মহিষের পিঠে ।

(c) মঙলু চলিছে মহিষের পিঠে । (d) মঙলু চলিতাছে মহিষের পিঠে ।

## SECTION – B (Grammar)

**III.** সন্ধি-সম্পর্কিত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে লেখো । যে-কোনো ***পাঁচটি*** । *5×1=5*

15. 'অহংকার' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে কী হবে ?

(a) অহঙ্‌+কার (b) অহন্‌+কার (c) অহম্‌+কার (d) অহ্‌+ওঙ্কার

16. 'সৎ+মার্গ' সন্ধি-যুক্ত হলে হবে —

(a) সন্মার্গ (b) সম্মার্গ (c) সদ্মার্গ (d) সত্মার্গ

17. 'আচ্ছন্ন' শব্দে কোন দুটি ধ্বনির মধ্যে সন্ধি হয়েছে ?

(a) ছ্‌+ছ (b) চ্‌+ছ (c) চ্‌+চ (d) আ+ছ

18. 'মৃত্যুঞ্জয়' শব্দটি ব্যঞ্জনসন্ধির কোন নিয়ম অনুযায়ী গঠিত হয়েছে ?

(a) ম্‌+জ = ঞ্জ (b) ঙ্‌+জ = ঞ্জ (c) ন্‌+জ = ঞ্জ (d) ঞ্‌+জ = ঞ্জ

19. 'সন্ন্যাসী' শব্দটি সন্ধি বিচ্ছেদ করলে হবে —

(a) সৎ+ন্যাসী (b) সম্‌+ন্যাসী (c) সন্‌+নাসী (d) সদ্‌+নাসী

20. 'দিক্‌+নির্ণয়' সন্ধিবদ্ধ হলে হবে —

(a) দিঙ্নির্ণয় (b) দিগ্‌নির্ণয় (c) দিঙ্‌নির্ণয় (d) দিন্নির্ণয়

**IV.** সাধু-চলিত বাক্যের রূপান্তর সাধন সম্পর্কিত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে লেখো । যে-কোনো ***পাঁচটি*** । *5×1=5*

**21.** 'মা পাখি তার ছানাটিকে খাইয়ে দিচ্ছে ।' — বাক্যটিকে সাধু ভাষায় রূপান্তরিত করলে হবে —

(a) মা পাখি তাহার ছানাটিকে খাওয়াইয়া দিতেছে ।

(b) মা পাখি তাহার ছানাটিকে খাইয়া দিতেছে ।

(c) মা পাখি তাহার ছানাটিকে খাওয়াইয়া দিচ্ছে ।

(d) মা পাখি তাহার ছানাটিকে খাইয়া দিতাছে ।

**22.** 'আমার টাকা-কড়ি কাড়িয়া লইয়া উহারা পলাইয়া গেল ।' — বাক্যটিকে চলিত ভাষায় রূপান্তরিত করলে হবে —

(a) আমার টাকা-কড়ি কাড়িয়া লয়ে ওরা পালিয়া গেল ।

(b) আমার টাকা-কড়ি কেড়ে নিয়া ওরা পালিয়া গেল ।

(c) আমার টাকা-কড়ি কাড়িয়ে নিয়ে ওরা পালিয়ে গেল ।

(d) আমার টাকা-কড়ি কেড়ে নিয়ে ওরা পালিয়ে গেল ।

**23.** 'যাহা আশংকা করিয়াছিলাম, — হইল ।' — শূন্যস্থানে বসানোর সবচেয়ে উপযুক্ত সর্বনাম কোনটি ?

(a) ওটিই (b) তাহাই (c) ওই (d) তাই

**24.** 'সে আমাকে সব বুঝিয়ে দিল ।' — 'বুঝিয়ে দিল' ক্রিয়াপদের সাধু রূপ কোনটি ?

(a) বুঝায়ে দিল (b) বুঝাইয়ে দিল (c) বুঝাইয়া দিল (d) বুঝিয়া দিল

**25.** 'বাবা বাড়ি আসিয়া দুর্গাকে পাড়া হইতে খুঁজিয়া আনিয়াছে ।' — বাক্যটিকে চলিত ভাষায় রূপান্তরিত করলে হবে —

(a) বাবা বাড়ি এসে দুর্গাকে পাড়া থেকে খুঁজে এনেছে ।

(b) বাবা বাড়ি এসে দুর্গাকে পাড়া হতে খুঁজিয়া এনেছে ।

(c) বাবা বাড়ি এসে দুর্গাকে পাড়া হইতে খুঁজে এনেছে ।

(d) বাবা বাড়ি এসে দুর্গাকে পাড়া থেকে খুঁজিয়ে এনেছে ।

**26.** 'তোমার গল্প আমি ছাপিয়ে দেব ।' — বাক্যটিকে সাধু ভাষায় রূপান্তরিত করলে হবে —

(a) তোমার গল্প আমি ছাপায়ে দেব ।

(b) তোমার গল্প আমি ছাপিয়া দিব ।

(c) তোমার গল্প আমি ছাপাইয়ে দিব ।

(d) তোমার গল্প আমি ছাপাইয়া দিব ।

**SECTION – C (Literature & Supplementary Reader)**

**V.** পাঠ্য গদ্যাংশ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে লেখো । যে-কোনো ***দশটি*** । *10×1=10*

**27.** 'রত্নের মূল্য জহুরির কাছে ।' — পাঠ্য গল্পে 'জহুরি' কে ?

(a) একজন রত্ন ব্যবসায়ী

(b) 'সন্ধ্যাতারা' পত্রিকার সম্পাদক

(c) তপনের ছোটো মাসি

(d) তপনের নতুন মেসো

**28.** আলোবাবু গল্পে লেখকের মূল উদ্দেশ্য আলোবাবু চরিত্রের —

(a) বিশুদ্ধ মানবিকতার দিকটিকে প্রকাশ করা

(b) বদ্ধ পাগলামির দিকটিকে প্রকাশ করা

(c) নির্দোষ মজার দিকটিকে প্রকাশ করা

(d) নিরেট নির্বুদ্ধিতার দিকটিকে প্রকাশ করা

**29.** মাসি বলে, 'মেসোর উপযুক্ত কাজ হবে সেটা ।' — কোন কাজটা ?

(a) তপনকে গল্প লেখার জন্য উৎসাহিত করা

(b) তপনের গল্পটা আগা-গোড়া কারেকশন করা

(c) তপনের গল্পটা ছাপানোর ব্যবস্থা করা

(d) তপনকে প্রশংসা করে কৃতার্থ করা

**30.** **মন্তব্য :** আলোবাবুর চেহারা নামের উপযুক্ত নয় ।

**কারণ (ক) :** তাঁর গায়ের রং কুচকুচে কালো ।

**কারণ (খ) :** তাঁর পরনের থান ধপধপে সাদা ।

কারণ দুটিকে ঠিক অথবা ভুল হিসেবে চিহ্নিত করো ।

(a) কারণ (ক) ও (খ) — দুটোই ঠিক

(b) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল

(c) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক

(d) কারণ (ক) ও (খ) — দুটোই ভুল

**31.** আলোবাবুকে প্রথমবার তাঁর বৈঠকখানায় এসে সাহায্য চাইতে শুনে লেখক কী ভেবেছিলেন ?

(a) আলোবাবু নিশ্চয়ই টাকা-পয়সা চাইতে এসেছেন

(b) আলোবাবু নিশ্চয়ই কারুর চিকিৎসা করাতে এসেছেন

(c) আলোবাবু নিশ্চয়ই তাঁর বাড়িতে আশ্রয় চাইতে এসেছেন

(d) আলোবাবু নিশ্চয়ই তাঁর কাছে ড্রেসারের কাজ চাইতে এসেছেন

32. তপন মামার বাড়িতে মাসির বিয়ের পরেও আরো কিছুদিন রয়ে গেল কেন ?

(a) গল্প লিখবে বলে
(b) হোমটাস্ক শেষ হয়নি বলে
(c) ছোটো মেসো রয়ে গেল বলে
(d) স্কুলে ছুটি চলছে বলে

33. তপন "শুধু ওর ভরতি হওয়ার দিনের অভিজ্ঞতা আর অনুভূতির বিষয় নিয়ে গল্প লিখেছে, এটা খুব ভালো ।" — ছোটো মেসো এটাকে খুব ভালো বলেছেন কারণ —

(a) এটা নতুন লেখকদের লক্ষণ
(b) এটা পাকা লেখকদের লক্ষণ
(c) এটা তপনের বয়সি লেখকদের লক্ষণ
(d) এটা ছোটো মেসোর বয়সি লেখকদের লক্ষণ

34. "কীরে, তোর যে দেখি পায়াভারি হয়ে গেল ।" — কথাটাকে অন্য কোন ভাবে বলা যায় ?

(a) কীরে, তোর যে দেখি খ্যাতি বেড়ে গেল ।
(b) কীরে, তোর যে দেখি ভাগ্য ফিরে গেল ।
(c) কীরে, তুই যে দেখি অহংকারী হয়ে পড়লি ।
(d) কীরে, তোর যে দেখি লজ্জা বেড়ে গেল ।

35. **কার্য :** অবিনাশবাবু লেখককে আলোবাবুর জন্য একটা চাকরি জুটিয়ে দেবার অনুরোধ করেছিলেন ।

**কারণ (ক) :** চাকরি করলে আলোবাবুর কাছ থেকে তিনি বাড়ি-ভাড়া নিতে পারবেন ।

**কারণ (খ) :** চাকরি করলে আলোবাবু আর এত অসহায় থাকবেন না ।

ঠিক-ভুল কোন বিষয়ে মন্তব্যটি সঠিক ?

(a) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক
(b) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল
(c) কারণ (ক) ও (খ) — দুটোই ঠিক
(d) কারণ (ক) ও (খ) — দুটোই ভুল

36. আহত পাখিটিকে পুষবেন কিনা জানতে চাইলে আলোবাবু লেখককে কী জানিয়েছিলেন ?

(a) সামর্থ্য ও ইচ্ছে দুটোই একটু একটু আছে
(b) সামর্থ্য সামান্য আছে কিন্তু ইচ্ছে একটুও নেই
(c) ইচ্ছে বা সামর্থ্য কোনোটাই নেই
(d) ইচ্ছে আছে অনেক, কিন্তু সামর্থ্য নেই একটুও

37. রোগীর ঘায়ে কার্বলিক অ্যাসিড ঢেলে দেওয়ার ঘটনায় আলোবাবুর চরিত্রের কোন দিকটি ফুটে উঠেছে ?

(a) প্রচন্ড সাহস
(b) অতিরিক্ত দরদ
(c) চরম অবাধ্যতা
(d) নির্বুদ্ধিতা

38. তপন তার গল্প লেখার কথাটা প্রথমে ছোটোমাসিকেই জানিয়েছিল, কারণ

(a) ছোটোমাসি তার চিরকালের বন্ধু
(b) ছোটোমাসি সবচেয়ে কাছে ছিল
(c) ছোটোমাসির নতুন বিয়ে হয়েছিল
(d) ছোটোমাসির বর একজন লেখক

**VI.** পাঠ্য কবিতা থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে লেখো । যে-কোনো ***পাঁচটি*** । *5×1=5*

39. 'সহজ করে বাঁচা কি আর খাঁচাতে সম্ভব ?' — 'সহজ করে বাঁচা' কী ?

(a) অলসভাবে জীবন যাপন করা
(b) স্বাভাবিক ভাবে জীবন যাপন করা
(c) বিলাসবহুল জীবন যাপন করা
(d) কম খরচে জীবন যাপন করা

40. 'পথ হারিয়ে যায় যেদিকে, সেদিকে পথ আছেই ।' — তিন পাহাড়ের কোলে এলে কোন পথ হারিয়ে যায় ?

(a) বাঁধাধরা একঘেঁয়ে জীবনের পথ
(b) শান্ত সুন্দর জীবনের পথ
(c) সহজ সরল জীবনের পথ
(d) স্বাধীন মুক্ত জীবনের পথ

41. 'হাওয়াবিলাসী তিনজোড়া চোখ আটকে গেল ফ্রেমে ।' — এখানে 'হাওয়াবিলাসী' বলতে বুঝি

(a) শান্তিপ্রিয় (b) আরামপ্রিয় (c) কর্মপ্রিয় (d) ভ্রমণপ্রিয়

42. তিনপাহাড়ের কোলে বনভূমির ওপারে মনোভূমির দহ আছে । এ-কথা বলে কবি কী বোঝাতে চান ?

(a) সেখানে শুধু পাহাড়, টিলার উচ্চতা না, দহের গভীরতাও আছে
(b) সেখানে শুধু খাদ্য না, পানীয় জলেরও বন্দোবস্ত আছে
(c) সেখানে শুধু শারীরিক না, মানসিক চাহিদা মেটানোরও সুযোগ আছে
(d) সেখানে শুধু প্রকৃতির বন্য রূপ না, মনোহর রূপও আছে

43. 'তিনপাহাড়ের নক্‌শিকাঁথায় শিশুর কলরব।' — এখানে 'শিশুর কলরব' কথাটি কোন অর্থে ব্যবহার করা হয়েছে?

(a) দরিদ্র জীবনের ক্রন্দন অর্থে
(b) বিশৃঙ্খল জীবনের উৎপাত অর্থে
(c) স্বাভাবিক জীবনের স্পন্দন অর্থে
(d) গ্রাম্য জীবনের হাহাকার অর্থে

44. 'তিনপাহাড়ের কোলে' কবিতায় কবি শেষপর্যন্ত কোথায় সৌন্দর্যের সম্পূর্ণতা খুঁজে পেয়েছেন?

(a) প্রকৃতি-লগ্ন জনজীবনের মধ্যে
(b) প্রকৃতি-বিচ্ছিন্ন জনজীবনের মধ্যে
(c) নির্জন প্রকৃতির মধ্যে
(d) শিশুর কলরবের মধ্যে

VII. সহায়ক পাঠ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে লেখো। যে-কোনো ***পাঁচটি***। *5×1=5*

45. শিলাদিত্যের আগে বল্লভীপুরে কোন বংশের রাজত্ব চলছিল?

(a) শোলাঙ্কি বংশের
(b) আদিত্য বংশের
(c) কনকসেনের বংশের
(d) পারদ বংশের

46. গায়েব তাঁর বাবার নাম বলতে না পারায় তার খেলার সঙ্গীরা কী করেছিল?

(a) উল্লাসে হাততালি দিয়েছিল
(b) গায়েবকে সান্ত্বনা দিয়েছিল
(c) গায়েবকে ধিক্কার জানিয়েছিল
(d) লজ্জায় মাথা নত করেছিল

47. **মন্তব্য :** শিলাদিত্যের অসম্ভব তেজ ও পরাক্রমের আড়ালে ছিল একটি কোমল হৃদয়বান সত্তা।

**প্রমাণ (ক) :** মায়ের মৃত্যুতে শিলাদিত্যের অন্ধ ক্রোধ।

**প্রমাণ (খ) :** গায়েবীর মৃত্যুতে শিলাদিত্যের বুকফাটা হাহাকার।

প্রমাণ দুটি উপযুক্ত অথবা উপযুক্ত নয় বলো।

(a) প্রমাণ (ক) উপযুক্ত, কিন্তু (খ) উপযুক্ত নয়
(b) প্রমাণ (ক) উপযুক্ত নয়, কিন্তু (খ) উপযুক্ত
(c) প্রমাণ (ক) বা (খ) কোনোটিই উপযুক্ত নয়
(d) প্রমাণ (ক) ও (খ) দুটিই উপযুক্ত

48. রাজা হয়েই শিলাদিত্য বুড়ো কর্মচারীদের তাড়িয়ে দিলেন কেন ?

(a) তাঁরা অসৎ ছিল বলে
(b) তাঁরা নিষ্কর্মা ছিল বলে
(c) তাঁরা বিশ্বস্ত ছিল না বলে
(d) তাঁরা সাহসী ছিল না বলে

49. শিলাদিত্যের সঙ্গে তাঁর বিশ্বস্ত মন্ত্রী বিশ্বাসঘাতকতা করেছিল —

(a) সূর্যের বর পাওয়ার লোভে
(b) ক্ষমতার লোভে
(c) পয়সার লোভে
(d) সপ্তাশ্ব রথ দখলের লোভে

50. শিলাদিত্যকে পরাজিত ও হত্যা করে পারদরা কী করল ?

(a) বল্লভীপুর ছারখার করে চলে গেল
(b) বল্লভীপুরে রাজত্ব শুরু করল
(c) বল্লভীপুরের কোনো ক্ষতি না করে চলে গেল
(d) বল্লভীপুরকে নিশ্চিহ্ন করে দিল